ক্ষমতায় যেতে ভারতীয় গোয়েন্দাদের সঙ্গে বৈঠক করছে জামায়াত: রাশেদ খাঁন



রাশেদ খান। ছবি: সংগৃহীত

ক্ষমতায় যাওয়ার জন্য জামায়াতে ইসলামী ভারতের সঙ্গে গোপনে যোগাযোগ ও বৈঠক করছে বলে অভিযোগ করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খাঁন। তিনি দাবি করেন, জামায়াতের শীর্ষ নেতাদের সঙ্গে ভারতের গোয়েন্দা সংস্থার কর্মকর্তাদের বৈঠকের তথ্য রয়েছে।

শুক্রবার (৩০ অক্টোবর) জুমার নামাজ শেষে ঝিনাইদহের পুরাতন ডিসি কোর্ট জামে মসজিদ প্রাঙ্গণে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

রাশেদ খাঁন বলেন, আওয়ামী লীগের মতো জামায়াতও ভারতের সঙ্গে সুসম্পর্ক গড়ে ক্ষমতায় যাওয়ার চেষ্টা করছে। দলটি প্রকাশ্যে ভারতের বিরোধিতা করলেও গোপনে দেশটির গোয়েন্দা কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করছে বলে অভিযোগ করেন তিনি। জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ারের সঙ্গেও এমন বৈঠক হয়েছে বলে দাবি করেন রাশেদ খাঁন।

জামায়াতের ঢাকা থেকে শুরু হওয়া খুলনা বিভাগীয় লংমার্চ প্রসঙ্গে তিনি বলেন, কর্মসূচিটি গোপালগঞ্জ হয়ে খুলনায় যাওয়ার কথা থাকলেও জামায়াত সেখানে কোনো পথসভা করবে না বলে জানিয়েছে। আওয়ামী লীগকে ভয় পেয়েই দলটি গোপালগঞ্জে কর্মসূচি রাখেনি বলে মন্তব্য করেন তিনি। একই সঙ্গে সেখানে পথসভা করার জন্য জামায়াতকে চ্যালেঞ্জ জানান।

ঠাকুরগাঁওয়ের উপনির্বাচন প্রসঙ্গে রাশেদ খাঁন বলেন, জামায়াতের 'জান্নাতের টিকিট' বিক্রির প্রচারণা আর কাজে আসছে না। ওই এলাকার মানুষ দলটির বিভ্রান্তিকর প্রচেষ্টাকে প্রত্যাখ্যান করেছে বলে দাবি করেন তিনি।

এর আগে পুরাতন ডিসি কোর্ট জামে মসজিদে জুমার নামাজ আদায় করেন রাশেদ খাঁন। পরে স্থানীয় মুসল্লি ও সাধারণ মানুষের সঙ্গে কুশলবিনিময় করেন। এ সময় জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।